

## জেলা ইনোভেশন টিম এর এপ্রিল/২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।

সভার স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর কক্ষ, মাদারীপুর

তারিখ: ১৮ এপ্রিল, ২০১৬

সময়: বেলা ১২.৩০ টা।

সভায় উপস্থিত ইনোভেশন টিমের অন্যান্য সদস্যবৃন্দ:-

১. জনাব মোহাম্মদ বারিউল করিম খান, সহকারী কমিশনার (আইসিটি) ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
২. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৩. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৪. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৫. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এছাড়াও নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের উদ্যোগ গৃহীত হয়।

### ➤ ১ নং আলোচ্য বিষয়

বিভাগীয় ইনোভেশন সার্কেল আয়োজন।

সিদ্ধান্ত: মাদারীপুর জেলায় অনুষ্ঠিতব্য বিভাগীয় ইনোভেশন সার্কেল আয়োজনকে সফল করে তুলতে সেরা উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাই করে তা সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধিকে প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### ➤ ২ নং আলোচ্য বিষয়

প্রণয়নকৃত বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি

আলোচনা: গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রণয়নকৃত উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০১৬ অনুযায়ী জেলা ইনোভেশন টিম জেলা প্রশাসকের কার্যালয়ের ০৩ টি গুরুত্বপূর্ণ সেবা (যেমন: ১. রেকর্ডরুম হতে পর্চার বিতরণ পদ্ধতি সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা, যাতে সেবা প্রত্যাশিরা ভোগান্তি ছাড়াই নিজ নিজ ইউনিয়ন ডিজিটাল সেন্টার হতে অনলাইনেই পর্চার আবেদন করতে পারে এবং পর্চার সরবরাহ পেতে পারে, ২. ই-ফাইলিং এ পত্র নিষ্পত্তির হার সন্তোষজনক করা এবং বাহক নির্ভর পত্র বিনিময় পরিবর্তন করে ই-মেইল এর মাধ্যমে পত্র যোগাযোগ নিশ্চিত করার জন্য এ কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামার কর্তৃক শাখাভিত্তিক ই-ফাইলিং ও ই-মেইল ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা ৩. শাখাভিত্তিক কর্মরত কর্মচারীর প্রদানকৃত সেবার বিবরণ উপস্থাপনের জন্য ডেভেলপমেন্ট সিটিজেন চার্টার স্থাপন) এর বিষয়গুলো বাস্তবায়নাধীন আছে।

- ❖ সিদ্ধান্ত: বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে গৃহীত ও চিহ্নিত তিনটি সেবা প্রদানের বিষয়টি দ্রুত বাস্তবায়ন করতে হবে।

### ➤ ৩ নং আলোচ্য বিষয়

সরকারি দপ্তরে নিয়মিত ই-মেইল ব্যবহার নিশ্চিতকরণ।

- ❖ সিদ্ধান্ত: সরকারি পর্যায়ে দপ্তরসমূহের মধ্যে অনলাইনের মাধ্যমে আন্তঃযোগাযোগ শতভাগ নিশ্চিতকরণের নিমিত্ত সকল সরকারি দপ্তরে ই-মেইল এর মাধ্যমে নিয়মিত পত্র বিনিময়কে অগ্রাধিকার দেয়া হয় এবং জেলা উন্নয়ন ও সমন্বয় সভায় অংশগ্রহণকারী দপ্তর প্রধানের গ্রুপ মেইল তৈরি করে উন্নয়ন ও সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ই-মেইল এ প্রেরণ শতভাগ নিশ্চিত করার

বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধানকে ই-মেইল ব্যবহার বাধ্যতামূলককরণ ও শতভাগ নিশ্চিত করার জন্য জেলা ইনোভেশন টিম সকল সরকারি দপ্তর প্রধানের সাথে যোগাযোগ করেছে এবং প্রতিমাসেই ই-মেইল যোগাযোগ বিষয়টি জেলা ইনোভেশন টিম তদারকি করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

◆ ৪. বিবিধ আলোচ্য বিষয়

মাসিক ইনোভেশন সভায় সকলের উপস্থিতি ও আন্তরিক উপস্থাপনার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানান এবং সেই সাথে বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে জনসাধারণকে প্রদত্ত সেবাকে কিভাবে অধিকতর সহজ ও দ্রুততার সাথে সরবরাহ করা যায় এ বিষয়ে জনকল্যাণমূলক সেবাদান পদ্ধতি উদ্ভাবনের উদ্যোগের আহ্বান জানান এবং মাননীয় মন্ত্রিপরিষদ সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়ের সচিব, বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ ও ইনোভেশন সার্কেল (ফরিদপুর অঞ্চল) এর জেলা প্রশাসকবৃন্দের মাদারীপুর জেলা সফর উপলক্ষে আয়োজিত ঢাকা বিভাগীয় ইনোভেশন সার্কেল (মাদারীপুর পর্ব) আয়োজন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খালেদ মোহাম্মদ জাকী)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও

জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর

ফোন: +৮৮০৬৬১-৬২৬২৭

e-mail: [adcgmadaripur@gmail.com](mailto:adcgmadaripur@gmail.com)

স্মারক নং-০৫.৪১.৫৪০০.১২২.০২.০০৫.১৫- ৬৪

তারিখঃ ২৬ এপ্রিল, ২০১৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ:আ:- সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা (দৃ:আ:- সহকারী কমিশনার (উন্নয়ন)।
৩. জেলা প্রশাসক, মাদারীপুর।
৪. জনাব খালেদ মোহাম্মদ জাকী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও জেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার, মাদারীপুর সদর/কালকিনি/রাজৈর/শিবচর।
৬. জনাব দীপংকর বর, জেলা তথ্য অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৭. জনাব শেখ মোঃ নাসির উদ্দিন, উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৮. জনাব মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।
৯. জনাব সৈয়দ জাকির হোসেন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও সদস্য, জেলা ইনোভেশন টিম, মাদারীপুর।

(মোহাম্মদ বারিউল করিম খান)

নেজারত ডেপুটি কালেক্টর ও

সহকারী কমিশনার (আইসিটি)

ফোন: +৮৮০৬৬১-৬১৩৭৭

e-mail: [ictcellmadaripur@gmail.com](mailto:ictcellmadaripur@gmail.com)